



চিঠি

সাত্যকি হালদার

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

টা এসেছিলো দিনকতক আগে। খুব বেশী কিছু লেখা নেই।

অনেকদিন তোমার কোনও খবর পাইনি। আশাকরি সবাইকে নিয়ে ভাল আছো। মাসখানেকের মধ্যে তোমার কাছে একবার যেতে পারি। ইতি---

নামটাও লেখা ছিল তারপর। কিন্তু আমি চিনতে পারিনি। ওই নামে চেনাজানা কেউ নেই। বন্ধুবান্ধব নয়, আত্মীয়ও নয়। কে তবে লোকটা। কেনই বা আসছে!

অফিসে যাই। ফিরি। ট্রামবাসের ভিড়ে পিঠ ঘেমে যায়। তবু চিঠি-টার কথা মনে হয় মাঝেমাঝে। কেন আসছে লোকটা। কী চায়। সব পঞ্চাশ পেরিয়েছি আমি। ছেলে মেয়ে ছোট। লোকটা ওর সঙ্গে কোথাও যেতে বলবে না তো! বললে যাবই ব। কী করে। আমার যে অনেক টান। অনেক শিকড়বাকড়। রত্তে সুগার ধরা পড়েছে সম্প্রতি। তবু এখনই কোথাও যাবার কথা ভাবিনা।

টা আমার মাথায় ঘোরে ফেরে। কেমন একটা গানের পদের মতো। তোমার কাছে যেতে পারি। আমার দিন যায়। রাত ফুরিয়ে সকাল আসে। আমি চিঠির কথা ভাবি। ভাবি হঠাৎ লোকটা চলে আসবে না তো একদিন। শীত কিংবা শরতে। ভে। আর বা মাঝরাতে। এসে বলবে না তো --- চলো।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com